অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/22/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল CENTRAL PARK WEST-এ THE NEW YORK HISTORICAL-এর নতুন TANG WING-এর কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটের 14 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল প্রায় 175 মিলিয়ন মার্কিন ডলারের এই সম্প্রসারণকে সমর্থন করেছে

71,000 বর্গফুটের নতুন উইংটি হলো প্রায় এক শতাব্দীর মধ্যে জাদুঘরটির প্রথম বড় ক্যাম্পাস সম্প্রসারণ এবং দেশ যখন 250 তম বার্ষিকী উদযাপনের প্রস্তুতি নিচ্ছে তখন এটি খুলে দেওয়া হচ্ছে

প্রজেক্টে নতুন গ্যালারি, কনজার্ভেশন এবং সংগ্রহশালার স্থান, শ্রেণিকক্ষ, ঘরের বাইরে একত্রিত হওয়ার স্থান এবং ভবিষ্যতের American LGBTQ+ Museum-এর জন্য স্থান যুক্ত করা হয়েছে

সম্প্রসারণের ছবি দেখুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে The New York Historical-এর নতুন Tang Wing for American Democracy-এর কাজ শেষ হয়েছে, এটি নিউ ইয়র্ক সিটির (New York City) প্রথম জাদুঘর এবং দেশের অন্যতম গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক ও গবেষণা প্রতিষ্ঠানের একটি 71,000 বর্গফুটের রূপান্তরমূলক সম্প্রসারণ। 170 Central Park West-এ অবস্থিত 175 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রজেক্টটি প্রায় এক শতাব্দীর মধ্যে জাদুঘরটির ঐতিহাসিক ক্যাম্পাসের প্রথম সম্প্রসারণ এবং এটি প্রদর্শনী, শিক্ষা, সংগ্রহ সংরক্ষণ এবং জনসাধারণের প্রোগ্রামের জন্য ধারণক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়াবে। প্রজেক্টটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) থেকে 9.25 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস (New York State Council on the Arts) থেকে 5 মিলিয়ন মার্কিন ডলার সমর্থন পেয়েছে।

"নিউ ইয়র্কের (New York) সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো আমাদের গল্প বলে, আমাদের কমিউনিটিগুলিকে শক্তিশালী করে এবং পর্যটন অর্থনীতিকে শক্তি প্রদান করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দুই শতাব্দীর বেশি সময় ধরে New York Historical আমাদের স্টেট ও দেশের ইতিহাস সংরক্ষণ করে আসছে, এবং নতুন Tang Wing নিশ্চিত করবে যাতে আগামী অনেক প্রজন্ম ধরে লাখ লাখ দর্শনার্থী, শিক্ষার্থী, পণ্ডিত এবং পরিবার এই ইতিহাস থেকে শিক্ষা নিতে পারবেন। আমাদের দেশ যখন 250তম বার্ষিকী উদযাপনের প্রস্তুতি নিচ্ছে, তখন এই

সম্প্রসারণ সংস্কৃতি, শিক্ষা এবং চিন্তার বৈশ্বিক কেন্দ্র হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে আরেকবার নিশ্চিত করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "New York Historical হলো সিটি এবং স্টেট উভয়ের জন্য অন্যতম মূল্যবান সাংস্কৃতিক প্রতিষ্ঠান, যা সারা পৃথিবী থেকে দর্শনার্থীদের আকৃষ্ট করে এবং একই সাথে শিক্ষার্থী, শিক্ষক, গবেষক ও পরিবারকে সেবা প্রদান করে। নতুন Tang Wing ইতিহাস জানার সুযোগ বাড়াবে, নিউ ইয়র্ক সিটির পর্যটন অর্থনীতিকে শক্তিশালী করবে এবং জাতীয় গুরুত্বপূর্ণ একটি সময়ে শিক্ষা ও অংশগ্রহণের নতুন সুযোগ তৈরি করবে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে করা এই বিনিয়োগ অর্থনৈতিক কর্মকাণ্ড বাড়াতে, স্থানীয় চাকরি তৈরিতে এবং মানুষের জীবনমান উন্নয়ন করতে জাদুঘর ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলি কতটা গুরুত্বপূর্ণ তা তুলে ধরে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের এক্সিকিউটিভ ডিরেক্টর Erika Mallin (এরিকা ম্যালিন) বলেন, "এই অসাধারণ অর্জন আমাদের জাতির ইতিহাস নিয়ে আলোচনা ও গবেষণার সুযোগকে আগামী প্রজন্মের জন্য আরো বিস্তৃত ও সমৃদ্ধ করবে। 200 বছরেরও বেশি সময় ধরে New York Historical সব বয়সের শিক্ষার্থীদের অনুপ্রাণিত করেছে, আমাদের সাফল্য উদযাপন করেছে এবং আমাদের সংগ্রামের পর্যালোচনা করেছে। Tang Wing for American Democracy আমাদের সমৃদ্ধ ও জটিল ইতিহাসের প্রতি সেই প্রতিশ্রুতিকে অগ্রসর করবে এবং নিশ্চিত করবে যাতে প্রত্যেক আমেরিকান এই দরজা দিয়ে ভেতরে ঢুকলে নিজেদের প্রতিনিধিত্ব দেখতে পারেন।"

The New York Historical-এর প্রেসিডেন্ট এবং CEO Dr. Louise Mirrer (ডা: লুইস মিরের) বলেন, "The New York Historical-এর Tang Wing for American Democracy নিউ ইয়র্কের ভবিষ্যৎ প্রজন্মকে গণতন্ত্র এবং নাগরিক অংশগ্রহণ সম্পর্কে তাদের জ্ঞানকে আরো গভীর করতে সাহায্য করবে। আমাদের সম্প্রসারণের ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস, এবং Dormitory Authority of the State of New York (DASNY)-এর সমর্থনের জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ এবং আমরা জনগণকে আমেরিকা ইতিহাসের গুরুত্ব সম্পর্কে শেখাতে আমাদের মিশন চালিয়ে যাবো।"

1804 সালে প্রতিষ্ঠিত, The New York Historical হলো নিউ ইয়র্ক সিটির প্রথম জাদুঘর এবং জাতীয়ভাবে খ্যাতিসম্পন্ন একটি গবেষণা গ্রন্থাগার, যার সংগ্রহে আমেরিকার চার শতাব্দীর ইতিহাসকে ধারণ করে এমন 14 মিলিয়নের বেশি শিল্পকর্ম, নিদর্শন, নথি এবং অন্যান্য ঐতিহাসিক উপকরণ আছে। এর সংগ্রহে ইউনাইটেড স্টেটসের (United States) প্রতিষ্ঠা, নিউ ইয়র্কের বিবর্তন এবং দেশকে আকৃতি দান করা মানুষ ও কমিউনিটির গল্পের প্রমাণ সংরক্ষিত আছে।

নতুন Tang Wing-এ বড় নতুন সাংস্কৃতিক ও শিক্ষামূলক স্থান থাকবে, যার মধ্যে আছে Klingenstein Family Gallery, একটি নতুন প্রদর্শনী হল যেখানে The Historical-এর বিখ্যাত আমেরিকান শিল্প সংগ্রহ এবং নতুন প্রদর্শনী উপস্থাপন করা হবে; Stuart and Jane Weitzman Shoe Museum, যেখানে ঐতিহাসিক জুতার মাধ্যমে আমেরিকান নারীদের দুই শতাব্দীর জীবনযাত্রার ইতিহাস তুলে ধরা হবে; Patricia D. Klingenstein Library-এর জন্য গুরুত্বপূর্ণ

নতুন অনসাইট সংরক্ষণাগার, যেখানে Robert A. Caro আর্কাইভ, *Time* Inc. আর্কাইভ, Billie Jean King আর্কাইভ এবং লাখ লাখ পাণ্ডুলিপি, মানচিত্র, আলোকচিত্র ও প্রিন্ট সংরক্ষিত আছে; এবং চিত্রকর্ম ও ঐতিহাসিক বস্তু সংরক্ষণের জন্য একটি অত্যাধুনিক সংরক্ষণাগার। চতুর্থ তলাটি American LGBTQ+ Museum-এর নতুন ঠিকানা হবে, এটি LGBTQ+ ইতিহাস ও সংস্কৃতির জন্য নিবেদিত দেশের প্রথম জাদুঘর যা 2028 সালে খোলা হবে বলে আশা করা হচ্ছে।

নতুনভাবে নির্মিত উইংয়ের পাশাপাশি, এই প্রজেক্টে জাদুঘরের বিদ্যমান 30,000 বর্গফুটের বেশি স্থানের সংস্কার কাজ করা হয়েছে। এই সম্প্রসারণে নতুন গ্যালারি, শ্রেণিকক্ষ, সংগ্রহ রাখার স্থান, একটি ছাদের উপরের বারান্দা এবং উঠান যোগ করা হয়েছে, এবং জাদুঘরের বিশেষায়িত ক্যাম্পাসের বিউ-আর্টস (Beaux-Arts) ধাঁচকে ধরে রাখা ও সম্প্রসারিত করার জন্য নকশা করা হয়েছে। প্রজেক্টে এছাড়াও LEED Gold Certification অর্জনের লক্ষ্যে কাজ করা হয়েছে এবং এতে অত্যাধুনিক HVAC সরঞ্জাম যোগ করা হয়েছে যা শক্তি ব্যবহার কম করবে বলে আশা করা হচ্ছে।

এই সম্প্রসারণ এছাড়াও New York Historical-এর শিক্ষা প্রোগ্রামকে সমর্থন করবে, যার মধ্যে পৌরনীতির রেসিডেন্সি প্রোগ্রাম Chang Chavin Academy for American Democracy আছে।। বাড়তি শ্রেণিকক্ষ এবং সম্প্রসারিত প্রোগ্রামিং ধারণক্ষমতার ফলে জাদুঘরটি প্রোগ্রামকে বর্তমানের প্রতি বছর প্রায় 5,000 জন ষষ্ঠ-শ্রেণির শিক্ষার্থীকে নিয়ে কাজ করা থেকে বড় করে বছরে আনুমানিক 30,000 শিক্ষার্থী পর্যন্ত পৌঁছানোর আশা করছে। The Historical-এর শিক্ষা প্রোগ্রাম বর্তমানে প্রতি বছর 300,000-এর বেশি শিক্ষার্থী ও শিক্ষকের কাছে পৌঁছে এবং নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ এডুকেশনের (New York City Department of Education) সামাজিক শিক্ষার পাঠ্যসূচিকে সমর্থন করতে সাহায্য করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন